

সংবাদ

আবার শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা

গত বুধবার সকালে রাজধানীর মহাখালীতে সরকারি তিতুমীর কলেজে অনার্সের ফরম পূরণে বর্ধিত ফি বাতিলের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের একটি গ্রুপ হামলা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এতে ১২ জন শিক্ষার্থী আহত হয়েছেন। হামলার পর পুলিশ তিতুমীর কলেজের ছাত্রাবাসে অভিযান চালিয়ে হামলাকারী পাঁচজনসহ মোট সাতজনকে আটক করেছে। তাদের কাছ থেকে রামদা, চাপাতি, লাঠি, খেলনা পিস্তলসহ বিভিন্ন দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, চতুর্থ বর্ষের ফরম পূরণের ফি বাবদ প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে এক হাজার ৩০০ টাকা বেশি নেয়া হচ্ছে। সেশন ফি নেয়া হচ্ছে ৭০০ টাকা বেশি। এভাবে বিভিন্ন খাত মিলিয়ে প্রায় আড়াই হাজার টাকা বেশি নিচ্ছে কলেজ কর্তৃপক্ষ। এ কারণে গত বৃহস্পতিবার থেকে তারা আন্দোলন শুরু করেন। এরই ধারাবাহিকতায় গতকাল সকাল সাড়ে ১০টার দিকে তারা কলেজ চত্বরে সমবেত হন। ওই সময় কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি মিরাজুল ইসলাম ডলার ও মানিক হোসেনের নেতৃত্বে ছাত্রলীগ কর্মীরা তাদের মারধর করে। হামলার মুখে আন্দোলনকারী শিক্ষার্থীরা অধ্যক্ষের কার্যালয়ের সামনে ও শ্রেণীকক্ষে আশ্রয় নিলেও ছাত্রলীগের একটি গ্রুপ অধ্যক্ষের সামনে ছাত্রদের বেধড়ক পেটায়। হামলাকারী গ্রুপটি অধ্যক্ষের আস্থাভাজন হিসেবে ক্যাম্পাসে পরিচিত বলে জানা যায়। প্রথমত, অনার্স চতুর্থ বর্ষের ফরম পূরণের ফি বাড়ানো হলো কেন। দ্বিতীয়ত, বর্ধিত ফি বাড়ানোর কারণে শিক্ষার্থীরা স্বাভাবিকভাবেই আন্দোলন করতে পারে আর সেই আন্দোলনে শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা হবে কেন। এটাই প্রশ্ন। বোঝাই যাচ্ছে কলেজের অধ্যক্ষ নিজেও চান না যে বর্ধিত ফির ব্যাপারে কেউ যেন আন্দোলন না করে এবং এও চান যে, বর্ধিত ফি যেটা নির্ধারণ করা হয়েছে সেটাই আদায় করা হোক। আমাদের জানা আছে শিক্ষা মন্ত্রণালয় ফি বৃদ্ধির বিরুদ্ধে। অধ্যক্ষ মহোদয় ফি বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ের অনুমোদন নিয়েছেন বলে আমাদের জানা নেই।

তিতুমীর কলেজের অনার্স চতুর্থ বর্ষের বর্ধিত ফি বাতিলের জন্য যে আন্দোলন শিক্ষার্থীরা করেছে সেটা যৌক্তিক। আমরা চাই এই বর্ধিত ফি বাতিল করা হোক। ছাত্রলীগের সভাপতি ও কর্মীরা যারা এই হামলা চালিয়েছে তাদের বিরুদ্ধে কলেজ কর্তৃপক্ষকে ব্যবস্থা নিতে হবে। সেই সঙ্গে ফি বর্ধিতকরণে অধ্যক্ষের সিদ্ধান্ত নিয়ে শিক্ষা মন্ত্রণালয়কে তদন্ত করতে হবে। এবং ফরম পূরণে বর্ধিত ফি যেন ফেরত দেয়া হয় সেই ব্যবস্থা গ্রহণ করতে হবে।